

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৯, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(আয়কর)
প্রজ্ঞাপন

তারিখ: ৫ আষাঢ়, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ জুন, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও নং ১৯১-আইন/আয়কর/২০২৩।—সরকার, Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), এর section 44 এর sub-section (4) এর clause (b)-তে প্রদত্ত ক্ষমতাবলে, 'সূচনা ফাউন্ডেশন' এর স্থায়ী ও সঞ্চয়ী ব্যাংক আমানতের উপর প্রাপ্ত সুদ, কনসালটেন্সি ফি এবং গবেষণা ফি বাবদ প্রাপ্ত আয়সহ সকল প্রকার আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে ৫ (পাঁচ) বৎসরের জন্য অব্যাহতি প্রদান করিল, যথা:—

শর্তাবলি

- (ক) এই প্রজ্ঞাপনের সহিত সংশ্লিষ্ট সমুদয় আয় 'সূচনা ফাউন্ডেশন' এর নামে গ্রহণ ও হিসাবভুক্ত করিতে হইবে এবং তাহা দেশে অটিজম, নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডার বা মানসিক প্রতিবন্ধীদের স্বাস্থ্যসেবা ও কল্যাণার্থে ব্যবহার করিতে হইবে; এবং
- (খ) সূচনা ফাউন্ডেশনকে উক্ত Ordinance এর বিধানাবলি পরিপালন করিতে হইবে।
- ২। এই প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।

মোস্তাফিজুর রহমান, উপপরিচালক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ সাখাওয়াত হোসেন, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৭৭৬৩)

মূল্য : টাকা ৪.০০